

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
www.dme.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ,  
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৫.০১৮.১৮.১১

তারিখ: ২৪ পৌষ ১৪২৫

০৭ জানুয়ারি ২০১৯

বিষয়: চট্টগ্রাম জেলার বায়েজিদ খানাধীন আশেকানে আউলিয়া ফাযিল মাদ্রাসার সাবেক অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) জনাব মুহাম্মদ রিদুয়ানুল হক এর এমপিও স্থায়ীভাবে বন্ধকরণ প্রসঙ্গে।

সূত্র: (১) টিএমইডি, শিক্ষা মন্ত্রণালয়, মাদ্রাসা-১ এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৮৫.০১৮.৩৭.১৭/৩০৫

,তারিখ:২১.০৮.২০১৭ খ্রি:।

(২) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০২৭.১৮-৫৯৩,তারিখ:২৯.০৮.২০১৮খ্রি:।

(৩) আশেকানে আউলিয়া ফাযিল মাদ্রাসার স্মারক নং- আফামা আ-১৮/০৭/১৮/২৮ তারিখ:০৮.০৯.২০১৮খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, টিএমইডি কর্তৃক সূত্রোক্ত ১ নং স্মারকে “চট্টগ্রাম জেলার আশেকানে আউলিয়া ফাযিল মাদ্রাসার অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) জনাব মুহাম্মদ রিদুয়ানুল হক এর এমপিও বন্ধকরণ প্রসঙ্গে” শীর্ষক শিরনামে একটি পত্র এ অধিদপ্তরে প্রেরণ করা হয়।


০২. টিএমইডি কর্তৃক প্রেরিত পত্রে উল্লিখিত হয়েছে যে, চট্টগ্রাম জেলা প্রশাসকের কার্যালয়ের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব মো: তৌহিদুল ইসলাম গত ০৫.০৫.২০১৮ খ্রি: তারিখে আলিম পরীক্ষা (বায়েজিদ-১, কেন্দ্র কোড-৫৮৯, ওয়াজেদিয়া আলিয়া মাদ্রাসা) কেন্দ্র পরিদর্শন কালে বিষয়োক্ত মাদ্রাসার তিন জন পরীক্ষার্থী ১. মোহাম্মদ আকতার কামাল, রোল নং-১৫৯২১১, ২. মোহাম্মদ হাবিব উল্যাহ, রোল নং- ১২৯২২৫ এবং ৩. মো: হাসিব উল্ল্যাহ, রোল নং-১৫৯২৩২- এর প্রবেশ পত্রে তাদের চেহারার গড়মিল দেখতে পান এবং বিষয়টির সাথে বর্ণিত মাদ্রাসার অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) জনাব মুহাম্মদ রিদুয়ানুল হক এর জড়িত থাকার প্রমাণ পান। বিধায় উক্ত মাদ্রাসার অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), জনাব মুহাম্মদ রিদুয়ানুল হক এর এমপিও সাময়িকভাবে বন্ধ করে কেন তা স্থায়ীভাবে বন্ধ করা হবে না - এ মর্মে জনাব মুহাম্মদ রিদুয়ানুল হককে কারণ দর্শানোর জন্য টিএমইডি কর্তৃক এ অধিদপ্তরকে নির্দেশনা দেয়া হয়।।

০৩. টিএমইডি এর উক্ত নির্দেশনা মোতাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষ (সাবেক) জনাব মুহাম্মদ রিদুয়ানুল হক এর এমপিও সাময়িকভাবে স্থগিত করার জন্য ইতোমধ্যে মাউশি অধিদপ্তর বরাবর সূত্রোক্ত ২ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়েছে এবং তাঁর {সাবেক অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) জনাব মুহাম্মদ রিদুয়ানুল হক, আশেকানে আউলিয়া ফাযিল মাদ্রাসা) এমপিও কেন স্থায়ীভাবে বন্ধকরা হবে না সে মর্মে এ অধিদপ্তর কর্তৃক তাঁকে ({সাবেক অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) জনাব মুহাম্মদ রিদুয়ানুল হক, আশেকানে আউলিয়া ফাযিল মাদ্রাসা }} কারণ দর্শানোর জন্য সূত্রোক্ত ২ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়।

০৪. কিন্তু মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের প্রেরিত পত্রের প্রেক্ষিতে সাবেক অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) জনাব মুহাম্মদ রিদুয়ানুল হক এর পক্ষে বর্তমান অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) জনাব মোহাম্মদ শাহাদাৎ হোসনাইন, আশেকানে আউলিয়া ফাযিল মাদ্রাসা কর্তৃক সূত্রোক্ত ৩ নং স্মারকে কারণ দর্শানোর জবাব প্রদান করা হয় যা বিধি সম্মত হয়নি।

০৫. দাপ্তরিক প্রয়োজনে অভিযুক্ত ব্যক্তি জনাব মুহাম্মদ রিদুয়ানুল হক (সাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষ) কর্তৃক ব্যক্তিগতভাবে উক্ত বিষয়ে কারণ দর্শানোর জবাব প্রয়োজন।

০৬. এমতাবস্থায় উপরিউক্ত অপরাধের দায়ে আপনার এমপিও কেন স্থায়ীভাবে বন্ধ করা হবে না- এ বিষয়ে একটি জবাব আগামী ০৭ কার্য দিবসের মধ্যে এ অধিদপ্তরে দাখিল নিশ্চিতকরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৯-১-২০১৯

মোঃ আফাজ উদ্দিন  
সহকারী পরিচালক


জনাব মুহাম্মদ রিদুয়ানুল হক (সাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষ),  
আশেকানে আউলিয়া ফাযিল মাদ্রাসা বায়েজিদ,  
পাঁচলাইশ(৩নং ওয়ার্ড) হাজীপাড়া, ডাক: ওয়াজেদিয়া,  
বায়েজিদ, চট্টগ্রাম।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৫.০১৮.১৮.১১/১(৫)

তারিখ: ২৪ পৌষ ১৪২৫  
০৭ জানুয়ারি ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ২) আঞ্চলিক উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল;
- ৩) জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম;
- ৪) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বায়েজিদ, চট্টগ্রাম;
- ৫) অফিস কপি।



৯-১-২০ ১৯

মোঃ আফাজ উদ্দিন  
সহকারী পরিচালক